তারিখ ... 7-JUL-2008
The Bangladesh Observer পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ...

The Bangladesh Observer

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
শিক্ষা মন্ত্রণালয়
১, সোনারগাঁও রোড (পলাশী-নীলক্ষেত); ঢাকা-১২০৫

07 JUL 2008

স্মারক নং-ব্যানবেইস/ প্রকল্প-৩(কোইকা)/০৭/ ১৪২৪

তারিখ : ২২ আষাঢ়, ১৪১৪
৬ জুলাই, ২০০৮

# নিয়োগ বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয়াধীন বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) -এর আওতায় "এষ্টাবলিশমেন্ট অব বাংলাদেশ-কোরিয়া আইসিটি ট্রেনিং সেন্টার ফর এডুকেশন (বিকেআইটিসিই)" প্রকল্পে শুধুমাত্র প্রকল্প মেয়াদকালীন (জুলাই'০৬-জুন'০৯) সময়ের জন্য নিম্নেবর্ণিত পদসমূহ অস্থায়ীভাবে পূরণের নিমিত্ত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতনস্কেল | শিক্ষাগত যোগ্যতা | বয়স | অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|---|
| ১ | গাড়ী চালক | ১ (এক)টি | ৩০০০-৫৯২০/- সরাসরি (সাকুল্য বেতনে) | ৮ম শ্রেণী পাশ | অনূর্ধ ৩০ বৎসর | ৫ (পাঁচ) বছরের হেভি ও হালকা গাড়ী চালনার অভিজ্ঞতাসহ অরিজিন্যাল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। অভিজ্ঞ প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। |
| ২ | ল্যাব এটেনডেন্ট | ২ (দুই)টি | ৩১০০-৬৩৮০/- সরাসরি (সাকুল্য বেতনে) | এইচএসসি পাশ | অনূর্ধ ৩০ বৎসর | কম্পিউটার অপারেশনে অভিজ্ঞতাসহ শারীরিকভাবে অবশ্যই সক্ষম হতে হবে। |

শর্তাবলী :

১। নিজ হস্তে লিখিত দরখাস্তে আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, পদের নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জন্মতারিখ, জাতীয়তা ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখপূর্বক সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত ছবি, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র, ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র এবং শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপিসহ আবেদনপত্র নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে।

২। নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান যথাযথভাবে পালন করা হবে।

৩। আবেদনপত্র প্রকল্প পরিচালক, "এষ্টাবলিশমেন্ট অব বাংলাদেশ-কোরিয়া আইসিটি ট্রেনিং সেন্টার ফর এডুকেশন (বিকেআইটিসিই)", বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), শিক্ষা মন্ত্রণালয়, ১ সোনারগাঁও রোড (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫ ঠিকানায় ডাকযোগে অথবা সরাসরি ৩০/০৭/২০০৮ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৪। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণ করা হবে না। বিভাগীয় প্রার্থী/মুক্তিযোদ্ধাদের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা সরকারি বিধি অনুযায়ী শিথিলযোগ্য।

৫। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অনুরূপ আবেদনপত্র নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত হলে তা বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

৬। সরকারি নির্ধারিত বিশেষ কোটায় (মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান/শারীরিক প্রতিবন্ধী/উপজাতি/আনসার ও ভিডিপি সদস্য) চাকুরিপ্রার্থীকে ঐ কোটায় চাকুরির যোগ্যতা সংক্রান্ত সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

৭। প্রার্থীকে আবেদনপত্রের খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে। আবেদনকারী নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে ঠিকানায় নির্বাচনী পত্র পেতে চান প্রাপকের সেই ঠিকানা সম্বলিত ২ (দুই) টাকা মূল্যমানের ডাক টিকেটযুক্ত একটি খাম আবেদনপত্রের সাথে যুক্ত করে দিতে হবে।

৮। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯। আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৬/৭/০৮
(মোঃ মোতাজ্জল হোসেন)
প্রকল্প পরিচালক
বিকেআইটিসিই প্রকল্প

GC—385